

আরও পরিষেবা অন্তর্ভুক্ত করতে আপনার সদস্য পুস্তিকা পরিবর্তন করা হয়েছে

চিকিৎসাগতভাবে তৈরি করা খাদ্য পরিষেবা

আমরা এমন সুবিধা এবং পরিষেবা দিতে গেরে গর্বিত যা আপনাকে একটি সুস্থ জীবনযাপন করতে সহায়তা করে। 1 জুলাই, 2022 থেকে, আপনি বিনা খরচে মেডিকেলি টেইলরড মিল প্রকরে যোগ দিতে পারেন, যা সরাসরি আপনার বাড়িতে স্বাস্থ্যকর খাবার সরবরাহ করে।

এই প্রকরের মাধ্যমে, আপনি এবং অন্যান্য সদস্য যারা যোগ্য তারা:

- একজন রেজিস্টার্ড খাদ্যবিদ এবং পুষ্টিবিদের থেকে সাহায্য পেতে পারেন। এই ব্যক্তি একজন খাদ্য ও পুষ্টি বিশেষজ্ঞ এবং স্বাস্থ্যকর খাবার বেছে নেওয়ার ক্ষেত্রে নির্দেশনা ও সহায়তা দিতে সাহায্য করবেন।
- একবারে ছয় মাসের জন্য আপনার বাড়িতে প্রতিদিনের দুই বেলা পর্যন্ত খাবার সরবরাহ করা হয়। যতক্ষণ আপনি এই প্রকরের জন্য যোগ্য থাকবেন ততক্ষণ আপনি খাবার পাবেন। এইসব খাবার আপনার স্বাস্থ্যের নির্দিষ্ট প্রয়োজনের জন্য তৈরি করা হয়েছে এবং আপনাকে স্বাস্থ্যকর, পুষ্টিকর খাবারের অধিকার পেতে সাহায্য করতে পারে।

এই প্রকরটি MetroPlusHealth Medicaid সদস্যদের যাদের বয়স 18 বছর বা তার বেশি তাদের প্রদান করা হয়। সদস্যদের অবশ্যই খাবার সংরক্ষণ এবং গরম করার জন্য একটি নিরাপদ স্থান থাকতে হবে এবং:

- ব্যক্তিগত পরিচর্যা সেবা পেতে হবে। মেডিকেলি টেইলরড মিল পাওয়ার সময় সদস্যদের অবশ্যই তাদের কিছু খাবারের প্রস্তুতি এবং খাবার কেনার সময় কমাতে হবে। ঘন্টা কমানো নির্ভর করবে আপনার প্রাপ্ত খাবারের সংখ্যার উপর, বা
- ক্যান্সার, ডায়াবেটিস, হার্ট ফেইলিওর, বা HIV/AIDS, এবং এই অবস্থার সাথে সম্পর্কিত গত 12 মাসের মধ্যে হাসপাতালে ভর্তি থাকা এবং/অথবা জরুরি কক্ষে (ER) যাওয়ার সংখ্যা।

প্রকরে যোগ দেবেন কিনা তার সিদ্ধান্ত আপনার। আপনি যোগদান না করার সিদ্ধান্ত নিলে, এর ফলে আপনার Medicaid যোগ্যতা বা সুবিধা নিয়ে কোনো সমস্যা হবে না।

এই পরিষেবাগুলি সম্পর্কে আরও জানতে 800.303.9626 (TTY: 711) নম্বরে সদস্য পরিষেবায় ফোন করে যোগাযোগ করুন।